# ইরানের প্রতিটি ইঞ্চি ভূখণ্ড রক্ষার প্রতিশ্রুতি পেজেশকিয়ানের



পেজেশকিয়ান। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সাম্প্রতিক মন্তব্যের প্রতিক্রিয়ায় ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান বলেছেন, দেশের সার্বভৌমত্ব ও ভূখণ্ডের প্রতিটি ইঞ্চি রক্ষায় ইরান দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ।

আন্তর্জাতিক সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়, ট্রাম্প সম্প্রতি দাবি করেন যে যুক্তরাষ্ট্র ইরানের সামরিক সক্ষমতার একটি বড় অংশ ক্ষতিগ্রস্ত করতে সক্ষম হয়েছে। এর জবাবে টেলিভিশনে সম্প্রচারিত এক বক্তব্যে পেজেশকিয়ান প্রশ্ন তোলেন, বাস্তবে যুক্তরাষ্ট্র তাদের ঘোষিত লক্ষ্য অর্জন করতে পেরেছে কি না।

তিনি বলেন, যুক্তরাষ্ট্র নানা দাবি করে যাচ্ছে, তবে প্রকৃত প্রশ্ন হলো যুদ্ধক্ষেত্রে তারা তাদের উদ্দেশ্য বাস্তবায়ন করতে পেরেছে কিনা।

ইরানকে দুর্বল ও বিভক্ত করার বিভিন্ন প্রচেষ্টার কথাও উল্লেখ করেন দেশটির প্রেসিডেন্ট। তার ভাষায়, যারা ইরানকে বিভক্ত করার পরিকল্পনা করেছিল, তাদের সেই উদ্যোগ শেষ পর্যন্ত কাঙ্ক্ষিত ফল বয়ে আনতে পারেনি।

পেজেশকিয়ান আরও বলেন, ইরান তার ভূখণ্ডের প্রতিটি অংশ রক্ষায় প্রয়োজনীয় সব পদক্ষেপ নিতে প্রস্তুত এবং দেশের নিরাপত্তা ও অখণ্ডতা রক্ষায় কোনো ধরনের আপস করা হবে না।

LENS ASIA